

Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 24 June, 2025

ঈদুল আজহার ছুটির ১১ দিনে সারাদেশে ১৫০টি সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন অন্তত ১৬৯ জন এবং আহত হয়েছেন আরও ২৯৮ জন। এসব তথ্য উঠে এসেছে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) অপারেশন শাখা থেকে প্রাপ্ত এক প্রতিবেদনে।

প্রতিবেদনে বলা হয়, ৪ জুন থেকে ১৪ জুন পর্যন্ত দেশের সড়ক ও মহাসড়কে এসব দুর্ঘটনা ঘটে। বিভাগীয় দফতরের মাধ্যমে সংগ্রহ করা তথ্য বিশ্লেষণ করে তৈরি করা হয় চূড়ান্ত হিসাব।

বিভাগভিত্তিক দুর্ঘটনা ও প্রাণহানির চিত্র:

ঢাকা বিভাগ: ৪৪টি দুর্ঘটনায় ৪৬ জন নিহত, আহত ৮৮ জন

চট্টগ্রাম বিভাগ: ২২টি দুর্ঘটনায় ২৪ জন নিহত, আহত ৫৪ জন

রাজশাহী বিভাগ: ১১টি দুর্ঘটনায় ১৬ জন নিহত, আহত ২১ জন

খুলনা বিভাগ: ২৫টি দুর্ঘটনায় ২৫ জন নিহত, আহত ৪৫ জন

বরিশাল বিভাগ: ১০টি দুর্ঘটনায় ১০ জন নিহত, আহত ১৬ জন

সিলেট বিভাগ: ৫টি দুর্ঘটনায় ৭ জন নিহত, আহত ৭ জন

রংপুর বিভাগ: ১৩টি দুর্ঘটনায় ১৬ জন নিহত, আহত ২৯ জন

ময়মনসিংহ বিভাগ: ২০টি দুর্ঘটনায় ২৫ জন নিহত, আহত ৩৮ জন

এই প্রতিবেদন থেকে বোঝা যাচ্ছে, ঈদকে কেন্দ্র করে ঘরমুখো মানুষের যাতায়াতের সময় দেশে সড়ক দুর্ঘটনার হার উদ্বেগজনকভাবে বেড়েছে।

বিশেষজ্ঞরা মনে করছেন, যানবাহনের অতিরিক্ত চাপ, চালকদের অনিয়ন্ত্রিত গতি এবং ট্রাফিক ব্যবস্থার দুর্বলতা এই দুর্ঘটনাগুলোর জন্য দায়ী।

সড়ক দুর্ঘটনা নিহত বাংলাদেশি বিআরটিএ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 06:56

URL: <https://www.timestodaybd.com/national/8364473616>